

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩২৭৪

88/ তাফসীরুল কুরআন (খুট্র الله সুর্বাণ ত্রাণ ত্

পরিচ্ছেদঃ ৫২. সুরা আয-যারিয়াত

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْد، حَدَّثَنَا زَيْدُ بْنُ حُبَاب، حَدَّثَنَا سَلاَّمُ بْنُ سُلَيْمَانَ النَّحْوِيُّ أَبُو الْمُنْذِر، حَدَّثَنَا عَاصِمُ بْنُ أَبِي النَّجُود، عَنْ أَبِي وَائِل، عَنِ الْحَارِثِ بْنِ يَزِيدَ الْبَكْرِيِّ، قَالَ قَدِمْتُ الْمُدينَة فَدَخَلْتُ الْمَسْجِدَ فَإِذَا هُوَ غَاصٌّ بِالنَّاسِ وَإِذَا رَايَاتٌ سُودٌ تَخْفُقُ وَإِذَا بَلْالًا مُتَقَلِّدٌ السَّيْفَ بَيْنَ يَدَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قُلْتُ مَا شَأْنُ النَّاسِ قَالُوا يُرِيدُ أَنْ يَبْعَثَ عَمْرَو بْنَ الْعَاصِ وَجْهًا فَذَكَرَ الْحَديثَ بِطُولِهِ نَحْوًا مِنْ حَديثِ سُفْيَانَ بْنِ عُينَيْنَة بِمَعْنَاهُ. قَالَ وَيُقَالُ لَهُ الْحَارِثُ بْنُ حَسَّانَ أَيْضًا .

বাংলা

৩২৭৪। আল-হারিস ইবনু ইয়াযীদ আল-বাকরী (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মদীনায় পৌছে আমি মসজিদে প্রবেশ করে দেখতে পেলাম যে, তা লোকে পরিপূর্ণ। আর কালো পতাকাগুলো আওয়াজ সৃষ্টি করে উড়ছে এবং বিলাল (রাযিঃ) তার গলায় তরবারি ঝুলিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সম্মুখে উপস্থিত। আমি প্রশ্ন করলাম, এতো লোকজন জড়ো হওয়ার কারণ কি? তারা বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমর ইবনুল আস (রাযিঃ)-কে জিহাদের লক্ষেয় কোথাও পাঠানোর ব্যবস্থা করছেন। তারপর বর্ণনাকারী সুফইয়ান ইবনু উয়াইনাহর হাদীসের ন্যায় দীর্ঘ হাদীস রিওয়ায়াত করেন।

হাসানঃ দেখুন পূর্বের হাদীস।

আবূ ঈসা বলেন, আল-হারিস ইবনু ইয়াযীদ আল-বাকরীকে আল-হারিস ইবনু ইবনু হাসসানও বলা হয়।

English

Narrated Abu Wa'il:

that Al-Harith bin Yazid Al-Bakri said: "I arrived in Al-Madinah and entered the Masjid and found it full with the people and I also noticed a black banner raised high, while Bilal was holding a sword before the Messenger of Allah



(ﷺ). I said: 'What is the matter with the people?' They said: 'He intends to send 'Amr bin Al-'As somewhere.'" So he mentioned the Hadith in its entirety, similar in meaning to the narration of Sufyan bin 'Uyainah (#3273). He said: He is also called Al-Harith bin Hassan.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন